

সুনান আবু দাউদ (তাহকিককৃত)

হাদিস নম্বরঃ ৪৯৯৬

৩৬/ শিষ্টাচার (كتاب الأدب)

পরিচ্ছেদঃ ৯০. ওয়াদা পালন

بَابُ فِي الْعِدَّةِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يَحْيَى بْنُ فَارِسٍ النَّيْسَابُورِيُّ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ سِنَانٍ، حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ طَهْمَانَ، عَنْ بُدَيْلٍ، عَنْ عَبْدِ الْكَرِيمِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ شَقِيقٍ، عَنْ أَبِيهِ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي الْحَمْسَاءِ، قَالَ: بَايَعْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بَيْعٍ قَبْلَ أَنْ يُبْعَثَ وَيَقِيتَ لَهُ بَقِيَّةٌ فَوَعَدْتُهُ أَنْ آتِيَهُ بِهَا فِي مَكَانِهِ، فَنَسِيتُ، ثُمَّ ذَكَرْتُ بَعْدَ ثَلَاثٍ، فَجِئْتُ فَإِذَا هُوَ فِي مَكَانِهِ، فَقَالَ: يَا فَتَى، لَقَدْ شَقَقْتَ عَلَيَّ، أَنَا هَاهُنَا مُنْذُ ثَلَاثٍ أَنْتَظِرُكَ قَالَ أَبُو دَاوُدَ: قَالَ مُحَمَّدُ بْنُ يَحْيَى: هَذَا عِنْدَنَا عَبْدُ الْكَرِيمِ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ شَقِيقٍ قَالَ أَبُو دَاوُدَ: هَكَذَا بَلَغَنِي عَنْ عَلِيِّ بْنِ عَبْدِ اللَّهِ، قَالَ أَبُو دَاوُدَ: بَلَغَنِي أَنَّ بَشَرَ بْنَ السَّرِيِّ، رَوَاهُ عَنْ عَبْدِ الْكَرِيمِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ شَقِيقٍ

ضعيف الإسناد

বাংলা

৪৯৯৬। আব্দুল্লাহ ইবনু আবু হামসাআ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নাবুওয়্যাত লাভের আগের ঘটনা। আমি তাঁর নিকট থেকে একটা জিনিস কিনে কিছু দাম বাকি রেখে এই বলে চলে গেলাম যে, আমি অবশিষ্ট মূল্য নিয়ে এখানে এসে পৌঁছিয়ে দিবো। পরে আমি অঙ্গীকার ভুলে গেলাম। তিনদিন পর আমার এ ওয়াদার কথা মনে পড়লো। আমি অবশিষ্ট মূল্য নিয়ে সেখানে উপস্থিত হয়ে দেখতে পেলাম, তিনি সেখানেই আছেন। তিনি বললেন, ওহে যুবক! তুমি আমাকে কষ্ট দিয়েছ। আমি তিনদিন যাবত এখানে তোমার জন্য অপেক্ষা করছি।[1]

সনদ দুর্বল।

English

Narrated Abdullah ibn AbulHamsa':

I bought something from the Prophet (ﷺ) before he received his Prophetic commission, and as there was something still due to him I promised him that I would bring it to him at his place, but I forgot. When I remembered three days later, I went to that place and found him there. He said: You have vexed me, young man. I have been here for three days waiting for you.

Abu Dawud said: Muhammad b. Yahya said : This is, in our opinion, 'Abd al-Karim b. 'Abd Allah b. Shaqiq (instead of "from 'Abd al-Karim from 'Abd Allah b. Shaqiq").

Abu Dawud said: In a similar way I have been informed by 'Ali b. 'Abd Allah.

Abu Dawud said: I have been told that Bishr b. al-Sarri transmitted it from 'Abd Allah b. Shaqiq.

ফুটনোট

[1]. বায়হাকী। ইবনুল জাওয়াযী বলেনঃ বর্ণনাটি সহীহ নয়। সনদে রয়েছে আব্দুল কারীম। আইয়ুব সাখতায়ানী তাকে মিথ্যার দোষে দোষী করেছেন। ইমাম আহমাদ বলেনঃ তিনি কিছুই না। হাফিয বলেনঃ যঈফ। ইমাম নাসায়ী ও দারাকুতনী বলেনঃ মাতরুক। ইবনু হিব্বান বলেনঃ তার দ্বারা দলীল গ্রহণ করা যাবে না।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=62359>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন